



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/ ৩৭২/৩(৬৩৭)

তারিখ: ২৬.০৪.২০২৩ খ্রি.

বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৩ সালের ৭ম থেকে ১০ম এবং ১২শ শ্রেণির উপবৃত্তি প্রাপ্তির অযোগ্য শিক্ষার্থীদের স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণ।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৩ সালের উপবৃত্তি প্রাপ্ত ৭ম থেকে ১০ম শ্রেণি এবং ১২শ শ্রেণিতে ৪৫% এর নিচে কম নম্বর প্রাপ্তি, ৭৫% এর নিচে ক্লাসে উপস্থিতি, শেষ একাডেমিক স্তর ৮ম/১০ম/১২শ, বিবাহিত ও অন্যান্য কারণে উপবৃত্তি প্রাপ্তির অযোগ্য শিক্ষার্থীদের স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণ বিষয়ে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

২। সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৩ সালের ৭ম থেকে ১০ম শ্রেণি এবং ১২শ শ্রেণির জানুয়ারি-জুন/২০২৩ কিস্তির উপবৃত্তির অর্থ বিতরণের লক্ষ্যে উপরিউক্ত এক বা একাধিক কারণে অযোগ্য শিক্ষার্থীদের HSP-MIS এ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণ কার্যক্রম আগামী ০৭-০৫-২০২৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে সম্পূর্ণ করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নয় এমন শিক্ষার্থীদের অবশ্যই নিষ্ক্রিয় করতে হবে।

৩। শিক্ষার্থীর স্ট্যাটাস পরিবর্তন করে নিষ্ক্রিয় করার নিয়মাবলী-

- HSP-MIS এর URL (লিংক): hsp.pmeat.gov.bd/HSP-MIS/login
- মেনুবার “উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী” বাটনে ক্লিক করুন;
- “শিক্ষার্থী স্ট্যাটাস পরিবর্তন” বাটনে ক্লিক করুন;
- ‘খুজুন’ বাটনে ক্লিক করুন;
- যে সকল শিক্ষার্থী অযোগ্য হবে তাদের “সম্পাদন” (কলম আইকন) বাটনে ক্লিক করুন;
- “শিক্ষার্থীর বর্তমান স্ট্যাটাস” অপশনে ড্রপডাউন বক্সে ‘নিষ্ক্রিয়’ অপশন সিলেক্ট করুন;
- স্ট্যাটাস পরিবর্তনের কারণ যেমন- ৪৫% এর নিচে কম নম্বর প্রাপ্তি, ৭৫% এর নিচে ক্লাসে উপস্থিতি, শেষ একাডেমিক স্তর ৮ম/৯ম/১০ম, বিবাহিত, অন্যান্য নির্বাচন করতে হবে।
- পরবর্তীতে মন্তব্যের ঘরে নিষ্ক্রিয়করণের সুনির্দিষ্ট কারণ উল্লেখ করতে হবে।
- সর্বশেষ ‘সংরক্ষণ’ বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।

৪। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর তাওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয়করণের বিষয়টি নিশ্চিতকরণে নিবিড় মনিটরিং করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে উপবৃত্তি প্রাপ্তির অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয়করণে ব্যর্থ হলে অথবা কোন অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয়করণে ব্যর্থ হলে অথবা কোন অযোগ্য শিক্ষার্থী উপবৃত্তি পেলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৫। শিক্ষা প্রতিষ্ঠান অথবা উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক ব্যবহৃত আইডি পাসওয়ার্ড দিয়ে HSP-MIS এ লগ ইন করতে না পারলে “পাসওয়ার্ড ভুলে গেছেন”-এ ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান অথবা উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মোবাইল নম্বরে OTP প্রেরণ করার মাধ্যমে পাসওয়ার্ড পুনরুদ্ধার করতে হবে। সে ক্ষেত্রে অবশ্যই শিক্ষা প্রতিষ্ঠান অথবা উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার ইউজার প্রোফাইলে নাম ও মোবাইল নম্বরসহ যাবতীয় তথ্যাদি হালনাগাদ থাকতে হবে। এছাড়াও, উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে আবেদন প্রেরণপূর্বক পাসওয়ার্ড সংগ্রহ করা যাবে।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

26/08/26
(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (উপসচিব)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
ফোন: ০২-৫৫০০২০৭৩

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০২। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৫। প্রোগ্রাম এক্সজিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS & iBASS++ স্কিম, অর্থ বিভাগ।
- ০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৮। সকল কর্মকর্তা/কর্মচারী, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৯। সকল কর্মকর্তা/কর্মচারী, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
(দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক অবহিতকরণের অনুরোধসহ)
- ১০। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ১১। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ১২। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
- ১৩। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
(পিএমইএটি-এর ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।